

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪০৭

১৭/ ব্যবসা-বাণিজ্য (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৪. মুখাবারা (ভাগে বর্গা দেয়া) সম্পর্কে

بَابٌ فِي الْمُخَابَرَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عُمَرُ بْنُ أَيُّوبَ، عَنْ جَعْفَرِ بْنِ بُرْقَانَ، عَنْ ثَابِتِ بْنِ الْمُخَابَرَةِ، الْمُخَابَرَةِ، عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ، قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ المُخَابَرَةِ، قُالَ: قَالَ: أَنْ تَأْخُذَ الْأَرْضَ بِنِصنْفٍ أَوْ ثُلُثٍ أَوْ رُبْعٍ

صحيح

বাংলা

৩৪০৭। যায়িদ ইবনু সাবিত (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুখাবারা করতে নিষেধ করেছেন। আমি জিজ্ঞেস করলাম, মুখাবারা কি? তিনি বললেনঃ কারো জমি অর্ধাংশ, এক-তৃতীয়াংশ অথবা এক-চতুর্থাংশ ফসলের বিনিময়ে চাষ করা।[1]

English

Narrated Zaid b. Thabit:

The Messenger of Allah (ﷺ) forbade mukhabarah. I asked: What is mukhabarah ? He replied: That you have the land (for cultivation) for half, a third, or a quarter (of the produce).

ফুটনোট

[1]. সহীহঃ ইরওয়া (১৪৭৭)।

কতিপয় পরিভাষাঃ



- ১। মুযাবানাঃ শুকনো ফলের বিনিময়ে ফলের বাগান বিক্রয় করা।
- ২। মুহাকালাহঃ শুকনো ফসল বা শস্যের বিনিময়ে জমি বর্গা দেয়া।
- ৩। মু'আওয়ামাহঃ কয়েক বছরের জন্য কোনো বাগানের ফল এক সাথে বিক্রি করা।
- ৪। সানাইয়াঃ ফসলের কিছু অংশকে মোট অংশ থেকে পার্থক্য করা।
- ে। হাকলঃ ফসলের কোনো নির্দিষ্ট অংশকে নির্ধারণ করে জমি বর্গা দেয়া।
- ৬। মুখাবাবাঃ কারো জমি অর্ধাংশ, এক-তৃতীয়াংশ অথবা এক-চতুর্থাংশ ফসলের বিনিময়ে চাষ করা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু সাবিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন